

যশোর বোর্ডে ৩৩ হাজার পরীক্ষার্থীর উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন

■ ভ্রাম্যমাণ প্রতিনিধি

কৃত্রিমত ফলাফল না হওয়ার এবার যশোর বোর্ডের অধীন ৩৩ হাজার ৮শ' এইচএসসি পরীক্ষার্থী তাদের উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন করেছে। এ সংখ্যা বোর্ডের মোট পরীক্ষার্থীর শতকরা ৩৩ ভাগ। এ সংখ্যা বোর্ডের ইতিহাসে সর্বোচ্চ। বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আদিলুল আলম খান এ খবরের সত্যতা নিশ্চিত করেছেন। চলতি বছর যশোর বোর্ডের অধীন ১০ খেলা থেকে এক লাখ ৫ হাজার ৯শ' ৮৯ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষা দেয়। তন্মধ্যে পাস করে ৭১ হাজার ৯শ' ৩৭ জন। পাসের হার ৬৭ দশমিক ৮৭ ভাগ। যশোর বোর্ডের চেয়ারম্যান জানান, ১৮ জুলাই থেকে ২৬ জুলাই পর্যন্ত উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন করার সময় ছিল। এ সময় তারা আবেদন করেছে বোর্ডের বিধিমোতাবেক তাদের উত্তরপত্র পুনর্মূল্যায়ন করা হবে। মূল্যায়নের পর তাদের ফলাফল জানিয়ে দেয়া হবে।